

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪১০৮(আগরতলা, ১১।০২)

সাক্ষর, ১১ ফেব্রুয়ারি, ২০১৯

খুমপুই তের সম্পন্ন

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আয়োজিত ২ দিনের খুমপুই তের ৯ ফেব্রুয়ারি তৈকুম্ভা এ ডি সি ভিলেজ কার্যালয় প্রাঙ্গণে সমাপ্ত হয়েছে। সাতচাঁদ বি এ সি'র চেয়ারম্যান খলাধন ত্রিপুরার সভাপতিত্বে আয়োজিত সমাপ্তি অনুষ্ঠানে বক্তব্য রাখেন এলাকার বিশিষ্ট নাগরিক ধনঞ্জয় ত্রিপুরা, তৈকুম্ভা ব্যবসায়ী সমিতির সভাপতি যতীন্দ্র ত্রিপুরা, বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব অহীন্ত ত্রিপুরা, দশরথ দেব স্মৃতি আবাসিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক তপন কুমার ত্রিপুরা, তথ্য ও সাংস্কৃতিক আধিকারিক রূপক আচার্য প্রমুখ। ৮-৯ ফেব্রুয়ারি খুমপুই উৎসবে সাক্ষর মহকুমাসহ বিভিন্ন মহকুমার উপজাতি শিল্পীরা সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন।

\*\*\*\*\*